



UNIVERSITY OF DHAKA: Applications in prescribed form, obtainable from the office of the Registrar, are invited from the Bangladesh nationals for filling up two permanent posts of Associate Professor in the Institute of Health Economics in the Pay Scale of TK. 50,000-71,200/-.

QUALIFICATION: Candidates must have high academic qualifications preferably a Ph.D. or equivalent degree in Health Economics. They should have at least 7(seven) years' teaching and research experience in a University or an institute of advanced research. They should have original research works published in recognised research journals. Experience and performance as well as significant contribution to different areas of activities in the University especially in guiding the overall educational and co-curricular activities of the students will also be treated as qualification. Academic qualifications may be relaxed for candidates already serving in the Institute of Health Economics, University of Dhaka.

Eleven copies of application together with attested copies of certificates, testimonials, mark-sheets and proof of experience along with a Pay Order/Bank Draft of the value of Tk. 1,000/-(One thousand) only, payable to the Registrar, should reach him on or before 13/03/2019. Candidates already in service must apply through proper channel.



ঢাকা বিশ্ববিদ্যালয়ঃ স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউটে দুইটি সহযোগী অধ্যাপকের স্থায়ী শূন্য পদ পূরণের জন্য রেজিস্ট্রারের দফতর হইতে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে। বেতন স্কেল ৫০,০০০-৭১,২০০/- টাকা।

শিক্ষাগত যোগ্যতাঃ প্রার্থীদের অবশ্যই স্বাস্থ্য অর্থনীতি বিষয়ে উচ্চতর যোগ্যতার অধিকারী হইতে হইবে। তাহাদের স্বাস্থ্য অর্থনীতি বিষয়ে পি-এইচ, ডি, কিংবা সমমানের ডিগ্রী থাকা বাঞ্ছনীয়। বিশ্ববিদ্যালয়ে কিংবা কোন উচ্চতর গবেষণা প্রতিষ্ঠানে তাহাদের কমপক্ষে ০৭ (সাত) বৎসরের শিক্ষাদান এবং গবেষণার অভিজ্ঞতা থাকিতে হইবে। স্বীকৃত মানের গবেষণা পত্রিকায় তাহাদের প্রকাশিত মৌলিক প্রবন্ধ থাকিতে হইবে। শিক্ষক হিসাবে অভিজ্ঞতা ও দক্ষতা এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে বিশেষ করিয়া ছাত্র/ছাত্রীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষা আনুষঙ্গিক কর্মকান্ড পরিচালনায় বিশেষ অবদানও যোগ্যতা হিসাবে গণ্য করা হইবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউটে ইতোমধ্যে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে উল্লেখিত শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যাইতে পারে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ১,০০০/- (এক হাজার) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ ১১ (এগার) কপি দরখাস্ত রেজিস্ট্রারের নিকট পৌছাইতে হইবে। দরখাস্তের প্রত্যেক কপির সহিত সার্টিফিকেট, মার্কসীট, প্রশংসাপত্র এবং অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত প্রতিলিপি সংযুক্ত করিতে হইবে। চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত প্রেরণ করিতে হইবে। দরখাস্ত গ্রহণের শেষ তারিখ ১৩/০৩/২০১৯।

সুবহিমা

০৬/২/১৯